

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি দপ্তর

স-১০৫ (আগরতলা ১৩।০৪)

আগরতলা, ১৩ এপ্রিল, ২০২৪

এনআইটি-আগরতলায় উগাদি উৎসবের উদ্বোধন

উৎসবের মধ্য দিয়ে বিভিন্ন জাতি গোষ্ঠীর মধ্যে শান্তি ও সম্প্রীতি সুদৃঢ় হয় ঃরাজ্যপাল



রাজ্যপাল ইন্দ্র সেনা রেড্ডি নাথু আজ ন্যাশনাল ইনস্টিটিউট অব টেকনোলজি (এনআইটি), আগরতলায় উগাদি উৎসবের উদ্বোধন করেন। ইনস্টিটিউশনের বিশেষুরাইয়া অডিটোরিয়ামে আয়োজিত এই উৎসবের উদ্বোধন করে রাজ্যপাল বলেন, এ ধরনের উৎসবের মধ্য দিয়ে বিভিন্ন জাতি গোষ্ঠীর মধ্যে শান্তি ও সম্প্রীতি সুদৃঢ় হয়। এই উৎসবের আয়োজন করায় রাজ্যপাল এনআইটি-আগরতলা কর্তৃপক্ষ ও ছাত্রছাত্রীদের ধন্যবাদ জানান। উৎসবের উদ্বোধনী অনুষ্ঠানে ফাস্ট লেডি রাজ্যপাল পত্নী রেণুকা নাথু উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে এনআইটি-আগরতলার ডিরেক্টর প্রফেসর অভয় কুমার, এনআইটি আগরতলার ডিরেক্টর ইনচার্জ প্রফেসর অজয় কুমার দাস, ডিন প্রফেসর জন দেববর্মা অনুষ্ঠানে বক্তব্য রাখেন। স্বাগত বক্তব্য রাখেন এনআইটি'র ডিন স্টুডেন্ট ওয়েলফেয়ার প্রফেসর উত্তম বেহতার। ধন্যবাদসূচক বক্তব্য রাখেন ছাত্র সংগঠনের সহসভাপতি রেহানা বিন মহম্মদ। রাজভবন থেকে এই সংবাদ জানানো হয়েছে।
